
# মধ্য রাতে মিয়ানমারে ৪.৯ মাত্রার ভূমিকম্প, বাংলাদেশেও অনুভূত



সংগৃহীত ছবি

সোমবার গভীর রাতে হঠাৎ সামান্য কম্পন টের পেয়েছেন বাংলাদেশের বিভিন্ন এলাকার মানুষ। রাত ১২টা ৫৫ মিনিটের ওই ভূমিকম্পের উৎস ছিল প্রতিবেশী মিয়ানমার। সেখানকার মনিওয়া এলাকার কাছাকাছি, ভূ-পৃষ্ঠের বেশি গভীরে প্রায় ১০৭ কিলোমিটার নীচে কম্পনের সৃষ্টি হয়। রিখটার স্কেলে এর মাত্রা ছিল ৪.৯। মিয়ানমারে অনুভূত হওয়া এই ভূকম্পনের প্রভাব ছড়িয়ে পড়ে ভারত ও বাংলাদেশেও। এখন পর্যন্ত কোথাও ক্ষয়ক্ষতির কোনো তথ্য পাওয়া যায়নি, তবে বিশেষজ্ঞরা পরিস্থিতি পর্যবেক্ষণে রেখেছেন।

LENS ASIA